মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
গ্রহণ ও প্রেরণ শাখা
ডাইরী নং ......৬২......
তাং ০৪/০১/২০২১

# বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ

আইসিটি টাওয়ার, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭

ফোনঃ ৫৫০০৬৮২৪ ফ্যাক্স: ৮৮০-২-৫৫০০৬৭৯১, ই-মেইল: bcc@bcc.gov.bd Web: www.bcc.gov.bd

স্মরক নং-৫৬.০১.০০০০.০১০.০২৫.৭৪৬.২০২০-২৩৬ (৩৩)

তারিখ: ০৭-০৯-১৪২৭ বাং
২২-১২-২০২০খ্রি.

**বিষয়ঃ বিসিসি'র বিকেআইআইসিটি কর্তৃক আয়োজিত তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়ক অনলাইন ভিত্তিক দীর্ঘমেয়াদী ও স্বল্প-মেয়াদী প্রশিক্ষণ কোর্সে মনোনয়ন প্রদান :**

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল এ দেশের তথ্য ও যোগাযোগ প্রযুক্তি খাতের সবচাইতে প্রাচীন প্রতিষ্ঠান। প্রতিষ্ঠানটি বাংলাদেশ সরকার প্রতিশ্রুত রূপকল্প ২০২১ এবং ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে বিভিন্নমুখী কার্যক্রম গ্রহণ করে আসছে। এ প্রতিষ্ঠানের অংগসংগঠন হিসেবে বিকেআইআইসিটি তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়ে সরকারি এবং বেসরকারি ক্ষেত্রসমূহে দক্ষ মানব সম্পদ তৈরীর কার্যক্রম চালিয়ে যাচ্ছে।

০২। মানব সম্পদ উন্নয়নে চলমান কার্যক্রমের অংশ হিসেবে বিকেআইআইসিটি ২০২১ সালের বিভিন্ন সেশনে বর্তমান Covid-19 পরিস্থিতিতে আইসিটি বিষয়ে প্রয়োজনীয় বিভিন্ন প্রশিক্ষণ কোর্স অনলাইনে পরিচালনা করার সিদ্ধান্ত গ্রহণ করেছে (প্রশিক্ষণ সূচি সংযুক্ত)। সরকারি প্রতিষ্ঠান, আইসিটি ইন্ডাস্ট্রি এবং সাধারণ মানুষের চাহিদা বিবেচনায় এ সকল কোর্সের কারিকুলাম ও কনটেন্ট প্রস্তুত করা হয়েছে। কোর্সের প্রশিক্ষক হিসেবে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, আইসিটি শিল্পে কর্মরত দক্ষ পেশাজীবীগণ এবং বিসিসি'র দক্ষ ও অভিজ্ঞ কর্মকর্তাবৃন্দ সম্পৃক্ত রয়েছেন। বর্ণিত কোর্সসমূহে তাঁর প্রতিষ্ঠানের কর্মকর্তা/কর্মচারীদের মনোনয়ন দেয়া হলে তা প্রতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি/উন্নয়নে সহায়ক হবে।

০৩। এ প্রেক্ষিতে সংযুক্ত প্রশিক্ষণ সূচিতে বর্ণিত কোর্সসমূহে নির্ধারিত তারিখের মধ্যে তাঁর বিভাগ/প্রতিষ্ঠান হতে উপযুক্ত প্রার্থীদের মনোনয়ন (মোবাইল নম্বরসহ/ই-মেইল) প্রদানের জন্য অনুরোধ জানানো হলো।

সংযুক্তি: প্রশিক্ষণ সূচি (২ পাতা)।

২২.১২.২০
পার্থপ্রতিম দেব
নির্বাহী পরিচালক
ফোনঃ ৫৫০০৬৮৪৮
মেইলঃ ed@bcc.net.bd

সচিব
মৎস্য ও প্রাণি সম্পদ মন্ত্রণালয়
ভবন-৬, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

অনুলিপিঃ
১. তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের সচিব মহোদয়ের একান্ত সচিব (মহোদয়ের সদয় অবগতির জন্য)

প্রশাসন-৩ অধিশাখা
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
05 JAN 2021
ডাইরী নং- ১৭

কম্পিউটার প্রশিক্ষণ কোর্সে ভর্তি বিজ্ঞপ্তি

**বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল (বিসিসি)**

(তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ)

আইসিটি টাওয়ার, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭

ফোনঃ +৮৮-০২ ৫৫০০৬৮২৪, ফ্যাক্সঃ ৮৮০-২-৫৫০০৬৭৯১, E-mail: bcc@bcc.gov.bd, Web Site: www.bcc.gov.bd

তারিখঃ ২২.১২.২০২০ খ্রি.

বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল কর্তৃক "জানুয়ারি - জুন" ২০২১ সেশনের নিম্নবর্ণিত সিডিউল অনুযায়ী প্রশিক্ষণ কোর্সসমূহ অনলাইনে পরিচালনা করার উদ্যোগ গ্রহণ করা হয়েছে। আগ্রহী প্রার্থীগণকে নির্ধারিত সময়ের মধ্যে প্রাকযোগ্যতা অনুযায়ী আবেদন করতে অনুরোধ করা যাচ্ছে।

## Training Schedule from January to June 2021

| Title of the Course | Duration (Hours) | Class Starting Date | Course Fee (Tk) | Pre-requisite |
|---|---|---|---|---|
| 1) Training Program on Women and ICT Frontier Initiative | 15 | 21.03.2021 | 3000.00 | • Graduate, from any discipline |
| 2) Training Program on Fundamental Training on Software Testing | 21 | 28.01.2021 | 4000.00 | • Science Graduate, Preferable- CSE/ICE/EEE |
| 3) Digital Marketing | 99 | 07.02.2021 | 5000.00 | • H.S.C / Equivalent<br>• Completion of 3 Months IT Training Course |
| 4) Training Program on Java Programming | 99 | 11.02.2021 | 5000.00 | • Graduation from any discipline / Equivalent<br>• Completion of 6 Months IT Training Course |
| 5) Training Program on Cyber Security Essentials | 21 | 17.02.2021 | 3000.00 | • Graduate, from any discipline |
| 6) Training Program on Big Data Analytics | 33 | 15.02.2021 | 4000.00 | • Graduation from any discipline / Equivalent |
| 7) Training Program on python | 75 | 24.02.2021 | 5000.00 | • Science Graduate, Knowledge on Object Oriented Programming |
| 8) Training Program on Office Applications & Unicode Bangla (Only for Women) | 90 | 25.02.2021 | 3000.00 | • H.S.C /Equivalent<br>• Experience Basic Knowledge on Office Application |
| 9) Training Program on Information Security and privacy | 21 | 15.02.2021 | 3000.00 | • Graduate, from any discipline |
| 10) Training Program on E-Government Application | 15 | 23.02.2021 | 3000.00 | • Graduation from any discipline / Equivalent |

**অনলাইনে সরাসরি ভর্তি:**

১। আগ্রহী প্রার্থীগণকে পাসপোর্ট সাইজের ছবি, প্রাক যোগ্যতায় উল্লিখিত সর্বশেষ শিক্ষাগত যোগ্যতার সনদপত্র এবং প্রয়োজনীয় আইটি যোগ্যতার সনদপত্রের স্ক্যান কপিসহ বিসিসি'র ওয়েবসাইট bkiict.bcc.gov.bd থেকে অনলাইনে আবেদন ফরম পূরণ করে সরাসরি ভর্তি হওয়ার জন্য অনুরোধ করা হলো।

২। বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল এর ব্যাংক হিসাব-

**বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল**
**চলতি হিসাব নং- ০০০০০০১০০৩১৫৩**
**জনতা ব্যাংক লিমিটেড, বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন ভবন শাখা, আগারগাঁও, ঢাকা।**
**(রাউটিং নং- ১৩৫২৬৪৫৭৯)**

বরাবর জনতা ব্যাংকের যে কোন শাখায় কোর্স ফি জমা দেয়া যাবে, অথবা ই-মানি ট্রান্সফার এর মাধ্যমেও নির্ধারিত কোর্স ফি পরিশোধ করা যাবে। কোর্স ফি এর জমা রশিদ অনলাইনে আবেদনের সময় স্ক্যান করে দাখিল করতে হবে। শর্ত থাকে যে, ক্লাস শুরুর প্রথম দিনেই কোর্স ফি এর জমা রশিদ (মূল কপি) বিকেআইআইসিটি-তে জমা প্রদান করতে হবে।

৩। কোর্স ফি পরিশোধ এবং অন্যান্য প্রয়োজনীয় শর্ত পূরণ সাপেক্ষে ভর্তি নিশ্চিত করা হবে।

৪। প্রতিটি কোর্সের আসন সংখ্যা ২০। এক্ষেত্রে, **আগে আসলে আগে ভর্তি হওয়ার সুযোগ পাবেন** ভিত্তিতে ভর্তি হওয়া যাবে।

৫। করোনা পরিস্থিতির প্রেক্ষাপটে আপাতত অনলাইন-এ ক্লাস পরিচালনা করা হবে এবং প্রয়োজনে সাপ্তাহিক সময়সূচি পরিবর্তন করা হতে পারে।

[যোগাযোগঃ ০২-৫৫০০৬৮২৪]

22/12/2020
**Director (BKIICT)**

বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
আইসিটি টাওয়ার, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭
ফোনঃ ০২ ৫৫০০৬৮২৪, ফ্যাক্সঃ ৮৮০-২-৯১২৪৬২৬, E-mail: bkiict@bcc.gov.bd, Web Site: www.bcc.gov.bd/ bkiict.bcc.gov.bd

## Professional Diploma in ICT Training

**"প্রশিক্ষণ নিন, স্বাবলম্বী হউন"**

বাংলাদেশ কম্পিউটার কাউন্সিলের বিকেআইআইসিটি কর্তৃক পরিচালিত ২০২১ সেশনে নিম্নবর্ণিত কোর্সসমূহ অনলাইনে পরিচালনা করার উদ্যোগ গ্রহণ করা হয়েছে। আগ্রহী প্রার্থীগণকে নির্ধারিত সময়ের মধ্যে প্রাকযোগ্যতা অনুযায়ী আবেদন করতে অনুরোধ করা যাচ্ছে।

| ক্রঃ | কোর্সের নাম | কোর্স ফি | প্রাক-যোগ্যতা | ঘন্টা | ক্লাস সময় |
|---|---|---|---|---|---|
| ১ | Post Graduate Diploma in ICT | ৩০০০০/- | Graduate / Equivalent | ৬০০ | বিকাল ৫.০০–রাত ৯.০০ |
| ২ | Diploma in ICT | ২৫০০০/- | H.S.C / Equivalent | ৬০০ | বিকাল ৫.০০–রাত ৯.০০ |

| | |
|---|---|
| আবেদনপত্র গ্রহণের সর্বশেষ তারিখ | ৩১/০১/২০২১ |
| যোগ্য প্রশিক্ষণার্থীদের তালিকা প্রকাশ | ১৬/০২/২০২১ |
| ভর্তির সর্বশেষ তারিখ | ২৮/০২/২০২১ |
| ক্লাস শুরুর সম্ভাব্য তারিখ | ০৮/০৩/২০২১ |

আগ্রহী প্রার্থীগণকে ০১ কপি ছবি এবং প্রাকযোগ্যতায় উল্লিখিত শিক্ষাগত যোগ্যতার সকল সনদপত্রসহ বিসিসি'র ওয়েবসাইট bkiict.bcc.gov.bd থেকে অনলাইনে আবেদন করার অনুরোধ জানানো হল। প্রয়োজনে বিসিসিতে এসে অনলাইনে বা নির্ধারিত ফরমে সরাসরি আবেদন করা যাবে। উল্লিখিত কোর্স সংশ্লিষ্ট বিস্তারিত তথ্যাদি বিসিসি'র বিকেআইআইসিটির ওযেবসাইট bkiict.bcc.gov.bd থেকে জানা যাবে। যোগাযোগ: ০২-৫৫০০৬৮২৪

22/12/2020
পরিচালক (বিকেআইআইসিটি)